

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৪৪০

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ পরকালের কাজে প্রতিযোগিতা করা এবং বরকতময় জিনিস অধিক কামনা করার বিবরণ

আরবী

عَن أَنسٍ رَضِيَ اللهُ عَنهُ أَنَّ عَمَّهُ غَابَ عَن بَدْرٍ فَقَالَ غِبْتُ عَن أَوَّلِ قِتَالِ النَّبِيِّ عَلَيْ لَئِن لَاهُ مَا أُجِدُ فَلَقِيَ يَوْمَ أُحُدٍ فَهُزِمَ النَّاسُ فَقَالَ اللَّهُمَّ إِنِي أَشْهُدَنِي اللهُ مَعَ النَّبِي عَلَيْ لَيَريَنَّ اللهُ مَا أُجِدُ فَلَقِيَ يَوْمَ أُحُدٍ فَهُزِمَ النَّاسُ فَقَالَ اللَّهُمَّ إِنِي أَعْتَذِرُ إِلَيْكَ مِمَّا جَاء بِهِ الْمُشْرِكُونَ فَتَقَدَّمَ أَعْتَذِرُ إِلَيْكَ مِمَّا حَلَنعَ هَوُّلَاءِ يَعَني الْمُسْلِمِينَ وَأَبْرَأُ إِلَيْكَ مِمَّا جَاء بِهِ الْمُشْرِكُونَ فَتَقَدَّمَ الْعُنْذِ وَإِلَيْكَ مِمَّا جَاء بِهِ الْمُشْرِكُونَ فَتَقَدَّمَ بِسَيْفِهِ فَلَقِيَ سَعْدَ بْنَ مُعَاذ فَقَالَ أَيْنَ يَا سَعْدُ إِنِّي أَجِدُ رِيحَ الْجَنَّةِ دُونَ أُحُدٍ فَمَضَى فَقُتِلَ بَسَيْفِهِ فَلَقِيَ سَعْدَ بْنَ مُعَاذ فَقَالَ أَيْنَ يَا سَعْدُ إِنِّي أَجِدُ رِيحَ الْجَنَّةِ دُونَ أُحُد فَمَضَى فَقُتِلَ فَمَا عُرِفَ حَتَّى عَرَفَتُهُ أُخْتُهُ بِشَامَةٍ أَوْ بِبَنَانِهِ وَبِهِ بِضَعْ وَثَمَانُونَ مِنْ طَعَنةٍ وَضَرَبَةٍ وَرَمْيَةٍ بَسَامَةٍ أَوْ بِبَنَانِهِ وَبِهِ بِضَعْ وَثَمَانُونَ مِنْ طَعَنةٍ وَضَرَبَةٍ وَرَمْيَةٍ بِسَهُمْ

বাংলা

(৪৪০) আনাস (রাঃ) বলেন, তাঁর চাচা আনাস ইবনে নাযর (রাঃ) বদর যুদ্ধে অনুপস্থিত ছিলেন। তিনি (আনাস ইবনে নাযর) বলেন, আমি নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর প্রথম যুদ্ধে তাঁর সাথে শরীক হতে পারিনি। তাই মহান আল্লাহ যদি আমাকে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে কোন যুদ্ধে শরীক হওয়ার সুযোগ দেন, তাহলে তিনি অবশ্যই দেখে নেবেন, আমি কী বীরত্ব সহকারে লড়াই করি। উহুদের যুদ্ধের দিন লোকেরা পরাস্ত হয়ে পালাতে শুরু করলে (তা দেখে) তিনি বললেন, হে আল্লাহ! এসব লোক অর্থাৎ, মুসলিমগণ যা করলো, আমি তার জন্য তোমার কাছে ওজর পেশ করছি এবং মুশরিকরা যা করলো, তার সাথে সম্পর্কহীনতা ও অসম্ভুষ্টি প্রকাশ করছি।

এরপর তিনি তরবারি নিয়ে অগ্রসর হলেন। ইত্যবসরে সা'দ ইবনে মুআযের সাথে তাঁর দেখা হলে তিনি (আনাস ইবনে নাযর) তাঁকে বললেন, হে সা'দ, তুমি কোথায় পালাচ্ছ? আমি তো উহুদের অপর প্রান্ত থেকে জান্নাতের সুবাস-সুগন্ধি পাচ্ছি। এরপর তিনি গিয়ে যুদ্ধ করলেন এবং শাহাদত বরণ করলেন। তাঁর দেহে এত ক্ষতের চিহ্ন ছিলো যে, তাঁকে চেনা যাচ্ছিলো না। অবশেষে তাঁর বোন তাঁর দেহের তিল-চিহ্ন ও আঙ্গুল দেখে তাঁকে চিনতে পারলো। তাঁর দেহে আশিরও বেশী বর্শা, তির ও তরবারির আঘাতের চিহ্ন ছিলো।

ফুটনোট



(বুখারী ৪০৪৮, মুসলিম ১৯০৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন